BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION
বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন
**Reg. Office:** Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
**Corporate Office :** Green Meher Tower, House # -12/A, (Level-4), Gulshan North Avenue Gulshan-2, Dhaka-1212, Phone : 48116358, 222248778, 58156619 E-mail : btmasg@gmail.com, info@btmadhaka.com, btma2@yahoo.com, Web: www.btmadhaka.com

বিটিএমএ.বিএস.০২০.৮২৭ ২৭ সেপ্টেম্বর ২০২৬

# অতীব জরুরি

**সম্মানিত চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক**
সকল সদস্য মিল
বিটিএমএ

**বিষয়: গ্যাস ও বিদ্যুৎ সংকটের কারণে রপ্তানিমুখী/স্থানীয় প্রাইমারি টেক্সটাইল মিলের উৎপাদন হ্রাস বা উৎপাদন কার্যক্রম বন্ধ সংক্রান্ত তথ্য বিটিএমএ-তে প্রেরণ প্রসঙ্গে।**

জনাব,
সম্প্রতি গ্যাস ও বিদ্যুৎ সরবরাহের সংকটের কারণে বিভিন্ন রপ্তানিমুখী/স্থানীয় প্রাইমারি টেক্সটাইল মিলের উৎপাদন কার্যক্রম ব্যাহত হওয়ার ফলে কোনো কোনো মিলে উৎপাদন হ্রাস, আংশিকভাবে উৎপাদন কার্যক্রম স্থগিত কিংবা সম্পূর্ণভাবে উৎপাদন কার্যক্রম বন্ধ থাকার পরিস্থিতি সৃষ্টি হয়েছে। এমতাবস্থায়, গ্যাস ও বিদ্যুৎ সংকটের কারণে সদস্য মিলসমূহের উৎপাদন হ্রাসের পরিমাণ, আংশিক/সম্পূর্ণ উৎপাদন কার্যক্রম বন্ধের তথ্য, বন্ধ থাকার সময়কাল এবং এর ফলে সৃষ্ট উৎপাদন ঘাটতি/আর্থিক ক্ষয়ক্ষতির সঠিক ও হালনাগাদ তথ্য জরুরি ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন।

প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বর্তমান পরিস্থিতির প্রকৃত চিত্র যথাযথভাবে নিরূপণ করে সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের নিকট উপস্থাপন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে।

এ পরিপ্রেক্ষিতে, আপনার প্রতিষ্ঠানের গ্যাস ও বিদ্যুৎ সংকটজনিত উৎপাদন হ্রাস, আংশিক/সম্পূর্ণ উৎপাদন কার্যক্রম বন্ধ, বন্ধ থাকার সময়কাল এবং সংশ্লিষ্ট উৎপাদন ঘাটতি/ক্ষয়ক্ষতি সংক্রান্ত সঠিক, নির্ভুল ও যাচাইযোগ্য তথ্য নির্ধারিত Google Form-এর মাধ্যমে **৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে** প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**Google Form Link:**
https://forms.gle/rtf7fHhdqFbaovDMA

নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় তথ্য প্রদান করে বিটিএমএ-এর এ উদ্যোগকে সফল করতে আপনার আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

27/09/2026

**ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন**, এনডিসি, পিএসসি (অব.)
সেক্রেটারি জেনারেল, বিটিএমএ

**অনুলিপি:**

১। সম্মানিত সভাপতি, বিটিএমএ
২। জনাব মুহাম্মাদ জিয়াউর রহমান, জয়েন্ট সেক্রেটারি জেনারেল।